তারিখ ...21 MAY 1997...
পৃষ্ঠা: ৮ কলাম ৫

দৈনিক ইত্তেফাক

# প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের একটি নির্দেশ

কিশোরগঞ্জ সংবাদদাতা ॥ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের সাম্প্রতিক এক নির্দেশের ফলে দেশের প্রাইমারী ট্রেনিং ইনস্টিটিউট (পিটিআই) সংলগ্ন পরীক্ষা বিদ্যালয়ে কর্মরত শিক্ষক-শিক্ষিকাদের মধ্যে দারুণ ক্ষোভের সঞ্চার হইয়াছে। উক্ত নির্দেশে উল্লেখ করা হয় যে, পরীক্ষা বিদ্যালয়ে কর্মরত শিক্ষক-শিক্ষিকাদের মধ্যে যাহাদের 'সার্টিফিকেট-ইন এডুকেশন' (সিইন-এড) নাই, তাহাদের ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষ হইতে পর্যায়ক্রমে এই প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করিতে হইবে।

উল্লেখ্য, দেশে মোট ৫৩ টি সরকারী পিটিআই এবং পিটিআই সংলগ্ন পরীক্ষা বিদ্যালয় রহিয়াছে। প্রতিটি বিদ্যালয়ে ৫ জন করিয়া শিক্ষক-শিক্ষিকা কর্মরত রহিয়াছেন। চাকুরীতে প্রবেশের সময়ই তাহাদের ন্যূনতম যোগ্যতা চাওয়া হইয়াছিল বিএ, সিইন-এড অথবা বিএ, বি-এড। তন্মধ্যে কেহ কেহ পরবর্তীতে এম, এড কোর্সও সম্পন্ন করিয়াছেন। দীর্ঘদিন একই প্রতিষ্ঠানে চাকুরী করিবার পর সমমর্যাদাসম্পন্ন ও সমবেতন স্কেলের পিটিআই ইনস্ট্রাকটরদের অধীনে এক বছর প্রশিক্ষন গ্রহণের নির্দেশকে বৈষম্যমূলক আচরণ বলিয়া শিক্ষক-শিক্ষিকারা অভিহিত করিয়াছেন। পাঠদানের ক্ষেত্রে উচ্চতর কোর্স (বিএড অথবা এমএড) সম্পন্ন করিবার পর নিম্নতর সিইন-এড কোর্স সম্পন্ন করার আদেশ বাতিলের জন্য তাহারা দাবী জানাইয়াছেন। এখানে আরও উল্লেখ্য যে, প্রাইমারী ট্রেনিং ইনস্টিটিউটের ৪ জন বিষয়ভিত্তিক ইনস্ট্রাকটরদের নিজেদেরই পাঠদানের উপর কোনরূপ প্রশিক্ষণ (সিইন-এড, বিএড অথবা এম এড) নাই।